বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২০.১৫০

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভূক্ত ১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব নিয়মিত ও ৪র্থ, ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় এবং ২০১০ প্রবিধানভূক্ত ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত (২০১০ ও ২০১৬ প্রবিধান) পরীক্ষা-২০২০ এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভূক্ত ১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব সমাপনী ও ৪র্থ, ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২০ আগামী ০৮ নভেম্বর, ২০২১ রোজ সোমবার হতে নির্ধারিত কেন্দ্র সমূহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস করতঃ অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি এবং নির্ধারিত কেন্দ্র তালিকা যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে। উল্লেখ্য পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অনলাইনে প্রেরণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কেন্দ্রকে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১। প্রশ্নপত্র অনলাইনে প্রেরণ সংক্রান্ত নির্দেশনাবলি:

১.১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রশ্নপত্র বোর্ডের পরীক্ষা শাখা হতে অনলাইনে (Online) সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ করা হবে। উক্ত সময়ে কেন্দ্রের সংশ্লিষ্ট প্রশ্নপত্র পাওয়া না গেলে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় (গোপনীয় শাখা) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে যোগাযোগ করতে হবে।

১.২। ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে সংশ্লিষ্ট পরীক্ষা শাখার (গোপনীয় শাখা) সাথে প্রয়োজনে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।

১.৩। নিরাপত্তা ও গোপনীয়তা সুরক্ষা নিশ্চিত করে ৩০ মিনিটের মধ্যে কেন্দ্রের প্রয়োজনীয় প্রশ্নপত্র প্রিন্ট করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পৌছাতে হবে।

১.৪। পাসওয়ার্ড এর গোপনীয়তা বজায় রেখে প্রশ্নপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবের ই-মেইল এবং বিকল্প ই-মেইল ঠিকানা সচল রাখতে হবে। এক্ষেত্রে মোবাইল নম্বর পরীক্ষা চলাকালীন সময়ে সার্বক্ষনিক চালু রাখতে হবে। অনলাইনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব এর মোবাইল নম্বর, বিকল্প মোবাইল নম্বর, ইমেইল ঠিকানা এবং বিকল্প ইমেইল ঠিকানা পাঠাতে হবে।

১.৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে সাধারণ ফিচারের (ক্যামেরা বিহীন) মোবাইল ফোন ব্যবহার করতে হবে।

১.৬। বিদ্যুত ব্যবস্থা/বিকল্প বিদ্যুত ব্যবস্থা (Alternate Electricity Facility), কম্পিউটার (Computer), ইন্টারনেট সংযোগ/বিকল্প ইন্টারনেট সংযোগ (Alternate Internet Connection) এবং পরীক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে ফটোকপি মেশিন (Photocopy Machine), ডুপ্লো-মেশিন (Duplo-Machine), প্রিন্টার (Printer) এর ব্যবস্থা রাখাসহ উহা সচল রাখতে হবে। এছাড়া প্রিন্টার, ফটোকপি মেশিন ও ডুপ্লো-মেশিন ইত্যাদির টোনার, প্রশ্নপত্র ছাপানোর কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি কেন্দ্রে পূর্ব থেকেই মজুত রাখতে হবে এবং বোর্ডকে এ বিষয়ে অবহিত করতে হবে।

১.৭। পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে পরীক্ষার সময়ে (সকাল/বিকাল) পূর্ব থেকেই প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।

১.৮। প্রতিটি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব কর্তৃক প্রশ্নপত্র প্রিন্ট ও সংশ্লিষ্ট পরীক্ষার কক্ষে বিতরণের লক্ষ্যে Time Frame উল্লেখসহ একটি Check List তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১.৯। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষা হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারনে কোন পরীক্ষার্থীকে এরপরে প্রবেশ করতে দিলে তার নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর, পর্ব, টেকনোলজী, শিফট্, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারন ইত্যাদি একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করে ঐদিনই বোর্ডের ডিপ্লোমা ইঞ্জিনয়িারিং পরীক্ষা শাখায় প্রতিবেদন দিতে হবে। একই পরীক্ষার্থীর একাধিক বার বিলম্ব করলে তদন্ত করতে হবে।

১.১০। কেন্দ্রের কন্ট্রোল রুম/প্রিন্টিং রুমে অবশ্যই সিসি টিভি (CCTV) এর ব্যবস্থা রাখা এবং তা সার্বক্ষনিক সচল রাখতে হবে।

(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৫৫০০৬৫২৫

২। পরীক্ষার তথ্যাদি:

ক. প্রতিষ্ঠান মূল্যায়ন:

(১) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত ২০১৬ প্রবিধানভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ১ম ও ৩য় পর্বের বিষয়সমূহের পরীক্ষা লিখুবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে এবং উত্তরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে।

(২) ৩য়/৫ম/৭ম পর্বের শিক্ষার্থীদের ১ম ও ৩য় পর্বের কোন বিষয়ের মেকআপ কোর্স [এইচএসসি (বিজ্ঞান) ও এইচএসসি (ভোক) বিভাগে উত্তীর্ণ হয়ে সরাসরি ৩য় পর্ব/৪র্থ পর্বে ভর্তিকৃত] থাকলে তা প্রতিষ্ঠান মূল্যায়ন হিসেবে লিখুবিহীন উত্তরপত্রের মূল্যায়ন করতে হবে। মেকাপ বিষয়ধারীর অনলাইনে ফরম ফিলাপ করার সময় Add Record দিয়ে Entry করতে হবে এবং তার জন্য প্রতিষ্ঠান মূল্যায়নের ফরম ফিলআপ ফি প্রযোজ্য হবে।

(৩) ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত ২০১৬ প্রবিধানভুক্ত সিলেবাসে শুধুমাত্র ১ম পর্বের বিষয়সমূহের পরীক্ষা প্রতিষ্ঠান মূল্যায়ন হিসেবে লিখুবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে।

খ. বোর্ড মূল্যায়ন:

(১) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত ২০১০ প্রবিধানভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্বের বিষয়সমূহের পরীক্ষা লিখুযুক্ত উত্তরপত্রে দিতে হবে এবং বোর্ডে প্রেরণ করতে হবে।

(২) ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত ২০১৬ প্রবিধানভুক্ত ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের বিষয়সমূহের পরীক্ষা লিখুযুক্ত উত্তরপত্রে দিতে হবে এবং বোর্ডে প্রেরণ করতে হবে।

(৩) স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭, তারিখ: ০২-০৪-২০১৯ খ্রিঃ প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ২য় ও ৪র্থ পর্বে পূনঃভর্তি শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান ২০১৬ অনুসরণ পূর্বক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ২০১০ প্রবিধানের ২য় ও ৪র্থ পর্ব কোন পরীক্ষা গ্রহণ করা হবে না।

(৪) উত্তরপত্রের লিখুর উপরের অংশে (Top Part) বৃত্ত ভরাটের ক্ষেত্রে করণীয়:
বোর্ড হতে সরবরাহকৃত লিখুযুক্ত উত্তরপত্রে ১০ (দশ) ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর এবং ৫ (পাঁচ) ডিজিটের বিষয় কোডের বৃত্ত ভরাটের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়ামবলী অনুসরণ করতে হবে-

(৪.১) রেজিস্ট্রেশন নম্বর ১০ (দশ) ডিজিট এবং বিষয় কোড ৫ (পাঁচ) ডিজিট থাকায় বৃত্ত ভরাটের ক্ষেত্রে শিক্ষার্থীরা ডান দিক থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো (যদি থাকে) শূন্য '০' দিয়ে ভরাট করবে।

(৪.২) এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষা শুরুর পূর্বেই বিভাগীয় প্রধান ও শ্রেণী শিক্ষকের মাধ্যমে প্রয়োজনে পরীক্ষার্থীদেরকে প্রশিক্ষণ দিবেন।

৩। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী:

৩.১ নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডের Website এর মাধ্যমে সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে। বিজ্ঞপ্তির ৫.১০ অনুচ্ছেদে বর্ণিত Online এন্ট্রির নির্ধারিত সময়সীমার পরে Final List প্রিন্ট করে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না।

৩.২ পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত Final List এর প্রিন্ট-আউট কপিই (নির্ধারিত ফি প্রদানসহ) পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। ফরম পূরণের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (সংযুক্ত ছক-০১ এর ফরম্যাট অনুযায়ী) এবং Online এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List জমা দিতে হবে।

৩.৩ বোর্ডে প্রেরিত Final List প্রিন্ট আউট এর কপিসহ ফরম ফিলাপ সংক্রান্ত সকল ডকুমেন্টস্ এর ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় উল্লেখিত ডকুমেন্টস্ এর ফটোকপিসহ বোর্ডে আবেদন করতে হবে।

৩.৪ Total Question Count List অত্র বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

৪। **পরীক্ষা ও অন্যান্য ফি-সমূহের হার নিম্নরূপ:**

(ক) ১ম ও ৩য় পর্ব পরীক্ষার্থীদের জন্য: (প্রতিষ্ঠান মূল্যায়ন পর্বের জন্য)

১.	পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য)	২২৫.০০
২.	কেন্দ্র ফি (প্রতিষ্ঠান ও কেন্দ্র পাবে, যেখানে যা প্রযোজ্য)	৪৫০.০০ (প্রতিষ্ঠান ২২৫.০০ + কেন্দ্র ২২৫.০০)
৩.	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিষ্ঠান পাবে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪.	নম্বরপত্র ফি (প্রতিষ্ঠান পাবে)	৫০.০০
৫.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(খ) ৩য় পর্ব ট্যুরিজম:

১.	পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য)	৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	৭৫.০০
৪.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৫.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(গ) ৫ম পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ৪র্থ পর্বে অকৃতকার্য বিষয় নাই):

১.	পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য)	৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	৭৫.০০
৪.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৫.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(ঘ) ৫ম পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ৪র্থ পর্বে অকৃতকার্য আছে):

১.	৫ম পর্বের পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪০০.০০
২.	৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪র্থ পর্বের বিষয়ের সংখ্যা × ১০০.০০
৩.	৫ম পর্বের জন্য কেন্দ্র ফি	৪৫০.০০
৪.	৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের কেন্দ্র ফি	২০০.০০
৫.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	২ × ৭৫.০০ = ১৫০.০০
৬.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৭.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(ঙ) ৫ম পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (বিগত ৫ম পর্বে তিন এর অধিক বিষয়ে অকৃতকার্য প্রত্যেক অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য):

১.	৫ম পর্বের পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪০০.০০
২.	৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষার ফি (যদি থাকে)(বোর্ড পাবে)	৪র্থ পর্বের বিষয়ের সংখ্যা × ১০০.০০
৩.	৫ম পর্বের জন্য কেন্দ্র ফি	৪৫০.০০
৪.	৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের কেন্দ্র ফি (যদি থাকে)	২০০.০০
৫.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	প্রতি পর্ব × ৭৫.০০
৬.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৭.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(চ) ৭ম পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বে অকৃতকার্য বিষয় নাই):

১.	পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	৭৫.০০
৪.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৫.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(ছ) ৭ম পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বে অকৃতকার্য বিষয় আছে):

১.	৭ম পর্বের পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪০০.০০
২.	৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের সংখ্যা × ১০০.০০
৩.	৭ম পর্বের জন্য কেন্দ্র ফি	৭ম পর্বের জন্য ৪৫০.০০
৪.	৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের কেন্দ্র ফি	প্রতি পর্ব × ২০০.০০
৫.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	প্রতি পর্ব × ৭৫.০০
৬.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৭.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(জ) ৭ম পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (বিগত ৭ম পর্বে তিন এর অধিক বিষয়ে অকৃতকার্য প্রত্যেক অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য):

১.	পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪০০.০০
২.	৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষার ফি (যদি থাকে)	৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয় × ১০০.০০
৩.	৭ম পর্বের জন্য কেন্দ্র ফি	৪৫০.০০
৪.	৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের কেন্দ্র ফি (যদি থাকে)	প্রতি পর্ব × ২০০.০০
৫.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	প্রতি পর্ব × ৭৫.০০
৬.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৭.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

(ঝ) ৮ম পর্ব অনিয়মিত (২০১০ ও ২০১৬ প্রবিধান) পরীক্ষার্থীদের জন্য:

১.	পরীক্ষার ফি (বোর্ড পাবে)	৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের অকৃতকার্য বিষয় × ১০০.০০ সর্বনিম্ন: ৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য- প্রতি পর্ব × ২০০.০০ সর্বনিম্ন: ৪৫০.০০
৩.	নম্বরপত্র ফি (বোর্ড পাবে)	প্রতি পর্ব × ৭৫.০০
৪.	ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৫.	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি (যদি থাকে)	৫০০.০০
৬.	প্রশ্নপত্র ব্যবস্থাপনা (বোর্ড পাবে)	২০.০০

* কোনভাবেই বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি নেওয়া যাবে না। অতিরিক্ত ফি আদায় করলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। <u>শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট-আউট কপি/এন্ট্রিফরম প্রেরণের নিয়মাবলী</u>:

৫.১ পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপি/এন্ট্রিফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৫.২ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট এন্ট্রিফরম/প্রিন্টাউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরমপূরণ সরাসরি নাকচ করা হবে ।

৫.৩ কেন্দ্র ফি হিসাবে আদায়কৃত অর্থ পরীক্ষা শুরুর কমপক্ষে ০৭ দিন পূর্বে সংশ্লিষ্ট পর্বভিত্তিক পরীক্ষার্থীদের তালিকাসহ (বিষয় উল্লেখপূর্বক) কেন্দ্রে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে, অত্র বোর্ডের স্মারক নং- বাকাশিবো(প-২)/৬৬৭/(পার্ট-৫)/৮৪৪, তারিখ: ১৫-০৯-২০১৩ এর বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে।

৫.৪ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পরীক্ষা সমাপ্তির পর পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সম্মানী/পারিশ্রমিক পরিশোধের ব্যবস্থা করতে হবে।

৫.৫ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে।

৫.৬ প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ফি ৫০০/- টাকা এর ৩০%= ১৫০/- টাকার মধ্যে ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০/- টাকা এবং অন্যান্য সকল ফি-সমূহ (কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি বাদে) একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে সোনালী ব্যাংক/ সোশ্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা / সোশ্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে। ব্যাংক ড্রাফ্ট এর সাথে Online -এ পূরনকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List, Total Student List এবং Total Question List অবশ্যই জমা দিতে হবে।

৫.৭ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে ।

৫.৮ পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপির নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই সীলসহ স্বাক্ষর করবেন।

৫.৯ ফরম ফিলাপের ডিডি এবং হার্ডকপি বোর্ডে জমা দেয়ার সময় সংযুক্ত ছক-০১ এর ফরম্যাট অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা এবং সংযুক্ত ছক-০২ এর ফরম্যাট অনুযায়ী বোর্ডে প্রদেয় ফি এর একটি হিসাব বিবরণী প্রস্তুত করে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ অবশ্যই জমা দিতে হবে।

৫.১০ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীলতা ও দায়িত্বশীলতার সাথে অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

<table>
<tr><th rowspan="2">বিলম্ব ফি ব্যতীত শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ</th><th rowspan="2">Online-এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ</th><th rowspan="2">৩০০/- টাকা বিলম্ব ফি সহ (প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ করার সময়সীমা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ</th><th colspan="5">সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট আউট কপি জমা / গ্রহণের তারিখ (সকল পর্ব)</th><th rowspan="2">নির্ধারিত তারিখের (১৮-১০-২০২১ তারিখ) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২০-১০-২০২১ তারিখ পর্যন্ত। প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট আর গ্রহণ করা হবে না।</th><th rowspan="2">অন্যান্য পর্বের প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ</th><th rowspan="2">প্রবেশপত্র সংশোধনের আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা/গ্রহণ</th><th rowspan="2">সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ</th></tr>
<tr><th>রংপুর ও সিলেট বিভাগ: ১২-১০-২০২১</th><th>রাজশাহী বিভাগ : ১৩-১০-২০২১</th><th>খুলনা ও বরিশাল বিভাগ : ১৪-১০-২০২১</th><th>চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ : ১৭-১০-২০২১</th><th>ঢাকা বিভাগ: ১৮-১০-২০২১</th></tr>
<tr><td rowspan="8">০৭-১০-২০২১</td><td rowspan="8">২৯-০৯-২০২১
হতে
১০-১০-২০২১</td><td rowspan="8">১০-১০-২০২১
(ব্যাংকিং লেনদেনের সময়সূচীর মধ্যে)</td><td rowspan="8">রংপুর ও সিলেট বিভাগ: ১২-১০-২০২১</td><td rowspan="8">রাজশাহী বিভাগ : ১৩-১০-২০২১</td><td rowspan="8">খুলনা ও বরিশাল বিভাগ : ১৪-১০-২০২১</td><td rowspan="8">চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ : ১৭-১০-২০২১</td><td rowspan="8">ঢাকা বিভাগ: ১৮-১০-২০২১</td><td>২৫-১০-২০২১
রংপুর বিভাগ</td><td rowspan="3">২৫-১০-২০২১
হতে
২৮-১০-২০২১</td><td rowspan="8">সংশোধনের জন্য আবেদন জমাদানের পরেরদিন সংশোধিত প্রবেশপত্র গ্রহণ করা যাবে।
(২৭-১০-২০২১ হতে ০৩-১১-২০২১)</td></tr>
<tr><td>২৬-১০-২০২১
রাজশাহী বিভাগ</td></tr>
<tr><td>২৭-১০-২০২১
খুলনা ও সিলেট বিভাগ</td></tr>
<tr><td>২৮-১০-২০২১
চট্টগ্রাম বিভাগ</td><td rowspan="3">২৮-১০-২০২১
হতে
০২-১১-২০২১</td></tr>
<tr><td>৩১-১০-২০২১
ময়মনসিংহ ও বরিশাল বিভাগ</td></tr>
<tr><td>০১-১১-২০২১
ঢাকা বিভাগ</td></tr>
</table>

৫.১১ পরীক্ষার প্রিন্ট-আউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তার (রেজিস্টার বা সমপর্যায়ের) মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৫.১২ পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণ: উপ-পরীক্ষা পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৬। অন্যান্য শর্তাবলী:

৬.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রিন্ট-আউট কপিসমূহ (Final List) ও সংযুক্ত ছক-০১ ও ছক-০২ এর ফরম্যাট অনুযায়ী প্রণীত পরীক্ষার্থীর তালিকা এবং হিসাব বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে নির্ধারিত অনুচ্ছেদ ৫.১০ -এ বর্নিত তারিখ অনুযায়ী বোর্ডে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।

৬.২ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি বোর্ড অফিসে জমা/গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে প্রিন্ট-আউট কপি ও অনুচ্ছেদ ৪ মোতাবেক ফি বাবদ আদায়কৃত অর্থ নির্ধারিত অনুচ্ছেদ ৫.১০ -এ বর্ণিত তারিখ অনুযায়ী প্রেরণ করতে হবে।

৬.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক প্রিন্ট-আউট পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করা সর্বোত্তম।

৬.৪ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রেরণ করতে হবে।

৬.৫ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রদান করতে হবে।

৬.৬ ফরমপূরণকৃত সকল শিক্ষার্থীর হাজিরা সীটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষা শেষে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।

৬.৭ ফরম ফিলাপ এর ডিডি জমা দেয়ার সময় প্রতিষ্ঠানে বোর্ডের কোনো ট্র্যাংক থাকলে উক্ত ট্র্যাংক বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলায়) জমা দিতে হবে।

৬.৮ পরীক্ষার প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র (উত্তরপত্র ও অন্যান্য মালামাল) গ্রহণের সময় পূর্ববর্তী পরীক্ষায় দৈনন্দিন উত্তরপত্র ব্যবহারের বিবরণীর কপিসহ বোর্ড নির্ধারিত ফরমে চাহিদাপত্র জমা দিতে হবে। অন্যথায় এ পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।

৬.৯ পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাবসহ পরবর্তী পরীক্ষার উত্তরপত্র গ্রহণের সময় জমা দিতে হবে।

৬.১০ প্রবিধান অনুসারে পরীক্ষার তাত্ত্বিক ধারাবাহিক (TC), ব্যবহারিক ধারাবাহিক (PC), ব্যবহারিক চূড়ান্ত (PF) এবং বাস্তব প্রশিক্ষণের নম্বর (PC ও PF) অধিকতর সতর্কতার সহিত (বিশেষ করে পাশ নম্বর, সর্বোচ্চ নম্বর ও ফেল নম্বর, অনুপস্থিত ইত্যাদি বিবেচনা করে) Online -এ পরীক্ষার সময়সূচিতে উল্লেখিত নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে সঠিকভাবে প্রেরণ করতে হবে।

৬.১১ প্রবিধানের ধারা ৪.১৩.২ মোতাবেক কোন শিক্ষার্থী কোন পর্বে ধারাবাহিক কোন বিষয়ে (তত্ত্বীয়/ব্যবহারিক) অকৃতকার্য থাকলে পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করলেও তার ফলাফল অকৃতকার্য হিসেবেই প্রকাশ করা হবে বিধায় এধরনের কোন শিক্ষার্থীর ফরম ফিলআপ না করানোর জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ ফরম পূরণের সময় Online এ ৪.১১ অনুচ্ছেদে বর্ণিত তারিখ অনুয়ায়ী নির্দিষ্ট সময়ে পূরণ করতে হবে। Online ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন (১) ০১৮৭৬৩৯৭১৩৮, (২) ০১৫৫০৬২০৬০৪, (৩) ০২-৫৫০০৬৫৩৭, (৪) ০২-৫৫০০৬৫৩১ এবং (৫) ০২-৫৫০০৬৫২৫।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২০.১৫০ (১৭)

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৬. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ...।
৭. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ...।
৮. অধ্যক্ষ/পরিচালক, ...।
৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
১২. প্রোগ্রামার (ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- বিতরণ/ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. নথি।

২৬/০৯/২০২১ খ্রি.

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১

ছক-০১

ক্রমিক নং	পরীক্ষার্থীদের নাম	রোল নম্বর ও শিফ্ট	রেজি: নম্বর ও সেশন	বর্তমান পর্বের বিষয়সমূহের কোড	অকৃতকার্য বিষয়সমূহের পর্বভিত্তিক কোড				পরীক্ষার ফি	অকৃতকার্য বিষয়ের ফি	নম্বরপত্র ফি	প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি	সনদপত্র ফি	বিলম্ব ফি	মোট ফি	মন্তব্য
					৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম									
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
১.																	
২.																	
৩.																	

ছক-০২ (বোর্ডে পরীক্ষার ফি বাবদ অর্থ প্রেরণের হিসাব বিবরণী)

প্রতিষ্ঠান কোড: [ ]
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

.....

প্রতিষ্ঠানের ই-মেইল: [ ] প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর: [ ]

বরাবর

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
[দৃষ্টি আকর্ষণ: উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)।]

বোর্ডে প্রেরণ যোগ্য ফি-সমূহ (প্রতি পরীক্ষার্থী)

১ম হতে ৩য় পর্ব পরীক্ষার ফি	২২৫.০০
৪র্থ হতে ৮ম পর্ব পরীক্ষার ফি	৪০০.০০
প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি	২০.০০
নম্বরপত্র ফি (প্রতি পর্ব)	৭৫.০০
সনদপত্র ফি (৮ম পর্বের জন্য)	১০০.০০
অকৃতকার্য বিষয়ের ফি (প্রতি বিষয়)	১০০.০০
বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)	৩০০.০০

বিষয়: নভেম্বর-ডিসেম্বর'২০২১ মাসে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষা-২০২০ এর ফরম ফিলাপ ফি এর হিসাব বিবরণী।

	পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষা প্রতি ফি	পরীক্ষার্থীর সংখ্যা	মোট (২×৩)	৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয় সংখ্যা ও ফি				৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম অকৃতকার্য পর্বের নম্বরপত্রের সংখ্যা ও ফি				সর্বমোট ফি
					পর্ব	বিষয় সংখ্যা	ফি (বিষয়×১০০/-)	মোট (কলাম ৭ এর সকল পর্বের মোট)	পর্ব	নম্বরপত্র সংখ্যা	ফি (পর্ব×৭৫/-)	মোট (কলাম ১১ এর সকল পর্বের মোট)	(৪+৮+১২)
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১.	১ম পর্ব নিয়মিত/ অনিয়মিত	২৪৫/-			×	×	×		×	×	×	×	
২.	৩য় পর্ব নিয়মিত/ অনিয়মিত	২৪৫/-			×	×	×		×	×	×	×	
৩.	৫ম পর্ব নিয়মিত/ অনিয়মিত	৪৯৫/-			৪র্থ				৪র্থ				
৪.	৭ম পর্ব নিয়মিত/ অনিয়মিত	৪৯৫/-			৪র্থ ৫ম ৬ষ্ঠ				৪র্থ ৫ম ৬ষ্ঠ				
৫.	৮ম পর্ব অনিয়মিত (বাস্তব প্রশিক্ষণ পাশ)	[প্রতি বিষয়×১০০/- সর্বনিম্ন ৪০০/- + নম্বরপত্র ফি প্রতি পর্বx ৭৫/- + প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি]		×	৪র্থ ৫ম ৬ষ্ঠ ৭ম ৮ম				৪র্থ ৫ম ৬ষ্ঠ ৭ম ৮ম				
৬.	৮ম পর্ব অনিয়মিত (বাস্তব প্রশিক্ষণ ফেল)	[প্রতি বিষয়×১০০/- সর্বনিম্ন ৪০০/- + নম্বরপত্র ফি প্রতি পর্বx ৭৫/- + বাস্তব প্রশিক্ষণ ফি + প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি]		×	৪র্থ ৫ম ৬ষ্ঠ ৭ম ৮ম				৪র্থ ৫ম ৬ষ্ঠ ৭ম ৮ম				
৭.	বিলম্ব ফি (যদি থাকে)	৩০০/-		×	×	×	×	×	×	×	×	×	
৮.	প্রতিষ্ঠান জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে)			×	×	×	×	×	×	×	×	×	
৯.	অন্যান্য ফি (যদি থাকে)			-									
	মোট পরীক্ষার্থীর সংখ্যা:			সর্বমোট টাকার পরিমাণ:									

কথায়: .....মাত্র।

বিঃদ্রঃ কলাম ৬ - পর্বভিত্তিক সকল পরীক্ষার্থীর মোট অকৃতকার্য বিষয় সংখ্যা, কলাম ১০ - পর্বভিত্তিক সকল পরীক্ষার্থীর বিগত (অকৃতকার্য) পর্বের মোট নম্বরপত্র সংখ্যা। শ্যাডো করা সেলে কোন কিছু লিখা প্রয়োজন নেই।

.....
প্রতিষ্ঠান প্রধানের সীলসহ স্বাক্ষর,তারিখ ও
মোবাইল নম্বর: .....

ব্যাংক ড্রাফটের বিবরণ

ক্রমিক নং	ব্যাংক ড্রাফট নং	টাকার পরিমাণ	তারিখ	ব্যাংকের নাম	শাখার নাম ও ঠিকানা
১.					
২.					
৩.					
	মোট টাকার পরিমাণ:				

.....
যাচাইকারীর স্বাক্ষর ও তারিখ

.....
গ্রহণকারীর স্বাক্ষর ও তারিখ